যুগান্তর

তারিখ ... 27 JUL 2016 ...
পৃষ্ঠা ...৩.৬... কলাম ...৪... ......

কলেজে ৭ লাখ আসন ফাঁকা

# এমপিদের চাপে শিক্ষাপ্রতিষ্ঠানের অনুমোদন

—— শিক্ষামন্ত্রী

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সংসদ সদস্যদের 'চাপের' কারণে নতুন শিক্ষাপ্রতিষ্ঠান অনুমোদন দিতে হয়। প্রয়োজনের তুলনায় বেশি কলেজ থাকার কারণ ব্যাখ্যা করতে গিয়ে মঙ্গলবার জাতীয় সংসদে প্রশ্নোত্তরে এ কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, এবার যারা এসএসসি পাস করেছে তারা সবাই ভর্তি হওয়ার পরেও সারা দেশে সাত লাখ আসন ফাঁকা আছে। ৪৮টি প্রতিষ্ঠানে একজন ছাত্রও ভর্তির আবেদন করেনি। ৭০০ প্রতিষ্ঠানে ১-২ জন করে আবেদন করেছে। এবার বোঝেন কী পরিমাণ কলেজ আমরা খুলেছি। এরপরেও নতুন নতুন শিক্ষাপ্রতিষ্ঠান অনুমোদন দিতে হয়। তিনি বলেন, প্রয়োজন না থাকলেও সংসদ সদস্যরা অনুরোধ করেন বলে আমাদের নতুন শিক্ষাপ্রতিষ্ঠান অনুমোদন দিতে হয়। আমরা সেই সময় বলে দেই অনুমতি দিচ্ছি, তবে বেতন দিতে পারব না।